



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet - 6

Class: 3



Subject: Bengali Text: (কিশোর)

Date: 8/6/20

১। শব্দের অর্থ লেখ :-

ক) নন্দনে = বাগানে

খ) অন্তরে = মনে

গ) নিঃস্ব = সহায় সম্বলহীন

ঘ) কুঁড়ি = ফুল ফোটার প্রথম অবস্থা

ঙ) অন্ত = শেষ

২। উত্তর লেখ :-

ক) কিশোর কবিতায় কবির নাম কী ?

উঃ) কিশোর কবিতায় কবির নাম গোলাম মোস্তাফা ।

খ) 'আমর নূতন' আমরা 'কুঁড়ি' - আমরা কারা ?

উঃ) এখানে আমরা বলতে কিশোরদের কথা বলা হয়েছে ।

গ) এখানে কুঁড়ি বলতে কাদের বোঝানো হয়েছে ?

উঃ) এখানে কুঁড়ি বলতে কিশোরদের বোঝানো হয়েছে ।

ঘ) কুঁড়ি কথার অর্থ আসলে কী বোঝায় ?

উঃ) কুঁড়ি কথার অর্থ ফুল ফোটার প্রথম অবস্থাকে বোঝায় ।

ঙ) 'বন নন্দনে' বলতে এখানে কী বোঝাচ্ছে ?

উঃ) 'বন নন্দনে' বলতে এখানে এই পৃথিবীকে বোঝায় ।

৩। শূন্যস্থান পূরণ কর :-

ক) ওষ্ঠে রাঙা হাসির রেখা জীবন জাগে স্পন্দনে ।

খ) ঘুমিয়ে আছে বুকের ভাষা পাপড়ি পাতার বন্ধনে ।

গ) অরুণ রচির সোনার আলো দু-হাত দিয়ে লুটব গো ।

ঘ) আকাশ পানে তুলব মাথা সকল বাঁধন টুটব গো ।

৪। বাক্য রচনা কর :-

ক) কুঁড়ি = গোলাপ ফুলের গাছটিতে অনেক কুঁড়ি হয়েছে ।

খ) রাঙা = সূর্য ওঠার আগে পূর্ব দিকের আকাশ রাঙা হয়ে ওঠে ।

গ) জীবন = জীবন যুদ্ধে জয়ী হওয়ার জন্য কৈশোর থেকেই নিজেকে তৈরী করতে হয় ।

ঘ) আশা = আমি আশা করেছি বড় হয়ে ডাক্তার হব ।

ঙ) পাপড়ি = পদ্ম ফুলের পাপড়ি দেখতে খুব সুন্দর ।

চ) আকাশে = আকাশে পাখিরা আনন্দে উড়ে বেড়ায় ।

Manashi Chaudhuri